

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০০৮

আগরতলা, ১৭ সেপ্টেম্বর, ২০২৩

**আগরতলায় ভারত স্বচ্ছতা লিগ ২.০ উপলক্ষে স্বচ্ছতা র্যালি
আবর্জনা মুক্ত শহর গড়ে তুলতে নাগরিকদেরও সচেতন হতে হবে : অর্থমন্ত্রী**

আগরতলা পুর নিগমের উদ্যোগে আজ ভারত স্বচ্ছতা লিগ ২.০ উপলক্ষে এক স্বচ্ছতা র্যালির আয়োজন করা হয়। এই র্যালির আয়োজন করে আগরতলা পুর নিগম একটি ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে। র্যালিতে স্বচ্ছতার প্রতি একটি জাতির সংহতি ও অবিচল প্রতিশ্রুতি প্রদর্শিত হয়েছে। র্যালিটি উত্তর-পূর্ব অঞ্চলের জন্য শুধুমাত্র একটি নতুন রেকর্ড তৈরি করেনি, পরিচ্ছন্নতার প্রতিও শহরের ঐকান্তিক ইচ্ছার ছাপ রেখেছে। ৩ হাজারেরও বেশি উৎসাহী স্বচ্ছাসেবীদের উপস্থিতিতে র্যালিটি উমাকান্ত একাডেমি থেকে শুরু হয়ে উজ্জয়ন্ত প্রাসাদের সম্মুখে এসে সমাপ্ত হয়। র্যালিটি আয়োজনের মূল উদ্দেশ্য ছিল ‘স্বচ্ছতা’কে সর্বাধিক গুরুত্ব দেওয়া, যুব সম্প্রদায়ের অংশগ্রহণ বৃদ্ধি করা ও বর্জ্যের উৎস পৃথকীকরণের উপর গুরুত্ব দেওয়া।

আগরতলা পুর নিগম শহরের ৫১টি আবর্জনা বহুল এলাকা পরিষ্কার ও স্থায়ীভাবে অপসারণের মত বিশাল কাজ হাতে নিয়েছে। এর ফলে আগরতলাকে আরও পরিষ্কার পরিচ্ছন্ন শহর হিসাবে গড়ে তোলা সম্ভব হবে। অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় পতাকা নেড়ে র্যালির উদ্বোধন করে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রতি আগরতলা শহরবাসীর অঙ্গীকারের জন্য সকলকে অভিনন্দন জানান। অর্থমন্ত্রী বলেন, জাতির জনক মহাত্মা গান্ধীর স্বপ্ন ছিল এক সুন্দর ও স্বচ্ছ ভারতবর্ষ গড়ে তোলা। তাঁর স্বপ্নকে সার্থকরূপ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচির সূচনা করেন। দেশে এই অভিযান কর্মসূচি দারুণ ফলপ্রসূ হয়েছে। আজ থেকে সারা দেশব্যাপী ভারতীয় স্বচ্ছতা লিগ ২.০ কর্মসূচির দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে। চলবে ২০২৪ সাল পর্যন্ত। এর মূল থিম হলো - ‘যুব সম্প্রদায় বনাম আবর্জনা’। আবর্জনা মুক্ত ভারত গঠনে সকলের অংশগ্রহণ। অর্থমন্ত্রী বলেন, আবর্জনা মুক্ত শহর গড়ে তুলতে নাগরিকদেরও সচেতন হতে হবে। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন, স্বচ্ছ ভারত অভিযানের দ্বিতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নে নিগম কর্তৃপক্ষ উদ্যোগ নিয়েছে।

র্যালিতে পুর নিগমের মেয়র ছাড়াও ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, পুর উন্নয়ন কমিটির সদস্যগণ, কর্পোরেটরগণ, নগর উন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পাস্ত, অতিরিক্ত মিউনিসিপ্যাল কমিশনার মহম্মদ সাজাদ পি প্রমুখ অংশ নেন। তাছাড়াও ২ শতাধিক এন সি সি ক্যাডেট, শহরের বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্রছাত্রী এবং ক্লাবগুলির স্বচ্ছাসেবকরা এই র্যালিতে অংশগ্রহণ করেন।
